# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- মশিবো/বি/১৫/জামা/৩৪৯ — তারিখ ঃ ০৪/০১/২০২৬ খ্রি.

বিষয় ঃ বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের ২৮/১২/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত মঞ্জুরী কমিটির ১১তম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে **"জমিলা জয়নাল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়"**-কে ০১/০১/২০২৬ খ্রি. হতে ৩১/১২/২০২৮ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক (৯ম-১০ম শ্রেণি) পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে স্বীকৃতির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

**শর্তসমূহ :**

১. মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিকে কোন অবস্থাতেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
২. নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমি বিদ্যালয়ের নামে খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
৩. বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
৪. সংরক্ষিত ও সাধারন তহবিলে প্রয়োজনীয় পরিমান অর্থ ব্যাংকে জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
৫. মাধ্যমিক বিদ্যালয়ে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৩ খ্রি. তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
৬. বিদ্যালয়ের কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম, ঠিকানা, এবং EIIN ইংরেজি ক্যাপিটাল লেটারে লিখে প্রয়োজনীয় ফি-সহ বোর্ডে দাখিল করতে হবে।
৭. মাধ্যমিক পর্যায়ে পাঠদানের মেয়াদ উত্তীর্ণের অন্তত: ০৪ (চার) মাস পূর্বে একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করতে হবে।
৮. স্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে (NTRCA) কর্তৃক সুপারিশ ও নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
৯. সরকারি নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
১০. বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
১১. ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
১২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
১৩. উক্ত মেয়াদের মধ্যে একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরনে ব্যর্থ হলে এই অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং সেক্ষেত্রে উক্ত বিদ্যালয়ের পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।
১৪. কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
১৫. সরকার নির্ধারিত কারিকুলাম ব্যতীত অন্য কোন কারিকুলাম অনুসরণ করা যাবে না।
১৬. পরিবেশিত কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে পাঠদানের অনুমতি বাতিল করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ-
**(ফেরদৌস আহম্মদ ভূইয়া)**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

প্রাপক : প্রধান শিক্ষক
জমিলা জয়নাল নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (EIIN-134533)
পোঃ মেলান্দহ, উপজেলাঃ মেলান্দহ, জেলাঃ জামালপুর।

**স্মারক নং- মশিবো/বি/১৫/জামা/৩৪৯(১২)** — তারিখ ঃ ০৪/০১/২০২৬ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর।
৭. জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মেলান্দহ, জামালপুর।
৯. সভাপতি, পরিচালনা কমিটি, জমিলা জয়নাল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মেলান্দহ, জামালপুর ।
১০. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ (বোর্ডের ওয়েবসাইটে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)
১১. পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
১২. অফিস কপি।

০৪/০১/২০২৬
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।